



মেলবোর্নে পতাকা উত্তোলনে করণ

আগামী ৮ অগস্ট শুরু হচ্ছে মেলবোর্ন ভারতীয় চলচ্চিত্র উৎসব। এই উৎসবে ভারতের জাতীয় পতাকা উত্তোলন করবেন পরিচালক করণ জোহর। ১১ অগস্ট এই পতাকা উত্তোলন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কয়েক হাজার ভারতীয়, আর অস্ট্রেলিয়ার নাগরিকরাও। এই পতাকা উত্তোলনের দায়িত্ব পেয়ে খুবই সম্মানিত বোধ করছেন করণ। তিনি বলেছেন, 'মেলবোর্নের মতো পৃথিবীর অন্যতম বহু-সাংস্কৃতিক শহরে আমি ভারতের স্বাধীনতা দিবস উদযাপন করার জন্য মুখিয়ে আছি। পতাকা উত্তোলনের জন্য নিবাচিত হওয়ায় সম্মানিত।